

কাজের উৎপাদনশীলতা ও সক্রিয়তা ব্যাহত হওয়া সম্পর্কিত প্রশ্নমালা, রিউম্যাটয়েড আর্থ্রাইটিস, সংস্করণ 2.0
(WPAI:RA)

নিচের প্রশ্নগুলো কাজ করতে ও দৈনন্দিন কার্যক্রম চালিয়ে যেতে আপনার সক্ষমতার উপর আপনার রিউম্যাটয়েড আর্থ্রাইটিসের প্রভাব সম্পর্কে জিজ্ঞাসা করে। অনুগ্রহ করে নির্দেশনা অনুযায়ী শূন্যস্থানগুলো পূরণ করুন অথবা একটি সংখ্যার চারদিকে গোলদাগ দিন।

1. আপনি কী বর্তমানে কর্মরত (অর্থে বিনিময়ে কাজ করছেন)? _____ না _____ হ্যাঁ
যদি না হয়, তাহলে “না”-তে টিকচিহ্ন দিন এবং ৬নং প্রশ্নে চলে যান।

পরবর্তী প্রশ্নগুলো গত সাত দিন সম্পর্কে, আজকের দিন বাদে।

2. গত সাত দিনে, আপনার রিউম্যাটয়েড আর্থ্রাইটিসের সাথে সংশ্লিষ্ট সমস্যাগুলোর কারণে আপনি কত ঘন্টা কাজ করতে পারেননি? এর মধ্যে রয়েছে রিউম্যাটয়েড আর্থ্রাইটিসের কারণে আপনি অসুস্থ থাকার দিনগুলোতে, দেরিতে যাওয়া, তাড়াতাড়ি চলে আসা, ইত্যাদি কারণে হারানো কর্মঘন্টা। আপনি এই গবেষণায় অংশগ্রহণের কারণে যে সময় অনুপস্থিত থেকেছেন তা অন্তর্ভুক্ত করবেন না।

_____ ঘন্টা

3. গত সাত দিনে, অন্য যে কোনো কারণে, যেমন অবকাশ, ছুটি, এই গবেষণায় অংশগ্রহণের জন্য সময় দেয়া ইত্যাদির জন্য আপনি কত ঘন্টা কাজ করতে পারেননি?

_____ ঘন্টা

4. গত সাত দিনে, আপনি সত্যিকার অর্থে কত ঘন্টা কাজ করেছেন?

_____ ঘন্টা (যদি “0” হয়, তাহলে ৬নং প্রশ্নে চলে যান)

5. গত সাত দিনে, আপনি কাজ করার সময় রিউম্যাটয়েড আর্থ্রাইটিস আপনার কর্মক্ষমতাকে কতটা প্রভাবিত করেছে?

সেই দিনগুলোর কথা চিন্তা করুন যখন আপনি যে পরিমাণ বা যে ধরনের কাজ করতে পারতেন তা সীমিত ছিল, সেই দিনগুলো যখন আপনি যে রকম চান তার চেয়ে কম কাজ সম্পন্ন করেছেন, অথবা সেই দিনগুলো যখন আপনি স্বাভাবিক সতর্কতার সাথে আপনার কাজগুলো করতে পারেননি। যদি রিউম্যাটয়েড আর্থ্রাইটিস আপনার কাজে শুধুমাত্র সামান্য প্রভাব ফেলে, তাহলে একটি ছোট সংখ্যা নির্বাচন করুন। যদি রিউম্যাটয়েড আর্থ্রাইটিস আপনার কাজে অনেক বেশি প্রভাব ফেলে থাকে, তাহলে একটি বড় সংখ্যা নির্বাচন করুন।

যখন আপনি কাজ করছিলেন তখন রিউম্যাটয়েড আর্থ্রাইটিস আপনার কর্মক্ষমতায় কতটা প্রভাব ফেলেছে শুধুমাত্র তা বিবেচনা করুন।

রিউম্যাটয়েড আর্থ্রাইটিস আমার কাজের উপর কোনো প্রভাব ফেলেনি	0	1	2	3	4	5	6	7	8	9	10	রিউম্যাটয়েড আর্থ্রাইটিস আমাকে কাজ থেকে সম্পূর্ণভাবে বিরত রেখেছে
--	---	---	---	---	---	---	---	---	---	---	----	--

একটি সংখ্যার চারদিকে গোলদাগ দিন

6. গত সাত দিনে, আপনার কর্মক্ষেত্রের কাজ ছাড়া, আপনার দৈনন্দিন কাজকর্ম করার ক্ষমতায় রিউম্যাটয়েড আর্থ্রাইটিস কতটা প্রভাব ফেলেছে?

দৈনন্দিন কাজকর্ম বলতে, আমরা বোঝাই আপনি সাধারণত যে কাজকর্মগুলো করে থাকেন, যেমন বাড়ির কাজ, বাজার করা, ছেলেমেয়ের দেখাশোনা, ব্যায়াম, লেখাপড়া, ইত্যাদি। সেই সময়গুলোর কথা চিন্তা করুন যখন আপনি যে পরিমাণ বা যে ধরনের কাজ করতে পারতেন তা সীমিত ছিল এবং সেই সময়গুলো যখন আপনি যে রকম চান তার চেয়ে কম কাজ সম্পন্ন করেছেন। যদি রিউম্যাটয়েড আর্থ্রাইটিস আপনার দৈনন্দিন কাজকর্মে শুধুমাত্র সামান্য প্রভাব ফেলে, তাহলে একটি ছোট সংখ্যা নির্বাচন করুন। যদি রিউম্যাটয়েড আর্থ্রাইটিস আপনার দৈনন্দিন কাজকর্মে অনেক বেশি প্রভাব ফেলে থাকে, তাহলে একটি বড় সংখ্যা নির্বাচন করুন।

আপনার কর্মক্ষেত্রের কাজ ছাড়া, আপনার দৈনন্দিন কাজ করার ক্ষমতায় রিউম্যাটয়েড আর্থ্রাইটিস কতটা প্রভাব ফেলেছে শুধুমাত্র তা বিবেচনা করুন।

রিউম্যাটয়েড আর্থ্রাইটিস আমার দৈনন্দিন কাজকর্মে কোনো প্রভাব ফেলেনি	0	1	2	3	4	5	6	7	8	9	10	রিউম্যাটয়েড আর্থ্রাইটিস আমার দৈনন্দিন কাজকর্ম থেকে আমাকে সম্পূর্ণভাবে বিরত রেখেছে
---	---	---	---	---	---	---	---	---	---	---	----	---

একটি সংখ্যার চারদিকে গোলদাগ দিন